

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 16-05-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Election campaign:

লোকসভা নির্বাচনের অবশিষ্ট তিনটি পর্যায়ের প্রচার জোরদার হয়ে উঠেছে। বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা রেলি ও জনসভার মাধ্যমে প্রচার কাজ চালাচ্ছেন। বিজেপির বরিষ্ঠ নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ থেকে দুদিনের জন্য উত্তর প্রদেশে নির্বাচনী সফরে থাকবেন।

**MHA issues 1st set of citizenship certificate
under CAA : ১৬-০৫-২০২৪:**

নাগরিকত্ব (সংশোধন) আইন ২০২৪ কার্যকরের পর গতকাল থেকে নাগরিকত্ব শংসাপত্র প্রদানের কাজ শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লা নয়াদিল্লিতে ১৪ জন আবেদনকারীকে নাগরিকত্বের শংসাপত্র প্রদান করেন।

স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, ইমেলের মাধ্যমে আরও অনেক আবেদনকারীদের ডিজিটাল স্বাক্ষরিত শংসাপত্র প্রদান করা হচ্ছে।

স্বরাষ্ট্র সচিব জানিয়েছেন, পাকিস্তান, বাংলাদেশ এবং আফগানিস্তান থেকে যে সমস্ত হিন্দু, শিখ, জৈন, বৌদ্ধ, পার্সি এবং খ্রিস্টান সম্প্রদায়ের ব্যক্তি ২০১৪ সালের একত্রিশে ডিসেম্বর পর্যন্ত সময়ের মধ্যে ভারতে প্রবেশ করেছে, নাগরিকত্ব

(সংশোধনী) আইন, ২০২৪ অনুযায়ী তাদের নাগরিকত্ব শংসাপত্র প্রদান করা হবে।

ECI Reviews Preparedness :

নির্বাচন কমিশন গতকাল লোকসভা নির্বাচনের ৫ম ও ৬ষ্ঠ দফার প্রস্তুতি পর্যালোচনা করেছে। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং সুখবীর সিং সান্থু ভিডিও কনফারেন্সের মাধ্যমে কমিশন কর্তৃক নিযুক্ত পর্যবেক্ষকদের সঙ্গে পর্যালোচনা সভা করেন। উল্লেখ্য, আগামী ২০শে মে পঞ্চম পর্যায়ে ৪৯টি সংসদীয় আসনে এবং আগামী ২৫শে মে ষষ্ঠ পর্যায়ে ৫৭টি লোকসভা আসনে ভোট গ্রহণ করা হবে।

DM South visited Strong room at Sabroom SDM office :

দক্ষিণ জেলার জেলা শাসক ও জেলা নির্বাচনী আধিকারিক সিদ্ধার্থ শিব জয়সওয়াল গতকাল সাবরুম মহকুমা শাসকের অফিসে পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের সাবরুম ও মনু বিধানসভার স্ট্রং রুম পরিদর্শন করেন। সাবরুমের সহকারী রিটার্নিং অফিসার, মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিকরাও জেলা শাসকের সঙ্গে ছিলেন। জেলা শাসক স্ট্রং রুম পরিদর্শন শেষে স্ট্রং রুমের যাবতীয় ব্যবস্থা নিয়ে সন্তোষ প্রকাশ করেন।

Rail Board:

খুব শিগগরই আগরতলা বাংলাদেশ- ট্রেন চলাচল শুরু হবে বলে আশা প্রকাশ করেছেন রেলওয়ে বোর্ডের পরিকাঠামো সংক্রান্ত সদস্য অনিল কুমার খান্ডেলওয়াল। গতকাল তিনি আগরতলার নিশ্চিন্তপুর রেল স্টেশন পরিদর্শন করেন। সংবাদ মাধ্যমকে তিনি জানান, ভারত-বাংলাদেশ দুই দেশের মধ্যে আলোচনাক্রমে ঠিক হবে, কবে থেকে ট্রেন চলাচল শুরু করা হবে। এই পথে যাত্রী ও পন্য দুই ধরনের ট্রেনই চলাচল করতে পারবে।

Women's College-NSS :

কলেজ স্তরে মেয়েদের অর্থনৈতিক ও সামাজিকভাবে আত্মনির্ভর করার লক্ষ্যে ওমেন্স কলেজ এনএসএস ইউনিট এক বিশেষ প্রশিক্ষণ শিবিরের উদ্যোগ গ্রহণ করেছে। গতকাল থেকে শুরু হয়েছে এই প্রশিক্ষণ শিবির। এই শিবিরে কলেজের ছাত্রীদের হাতে কলমে বিভিন্ন সামগ্রী তৈরির জন্য প্রশিক্ষণ দেওয়া হবে। কলেজের এনএসএস ইউনিটের প্রোগ্রাম অফিসার রমা ঘোষ একথা জানিয়েছেন। তিনি বলেন, এই প্রশিক্ষণ শিবিরে প্রায় ৬০০ শিক্ষার্থী অংশগ্রহণ করবে। ধাপে ধাপে তাদের প্রশিক্ষণ দেওয়া হবে।

Detain of Bangladesh :

বর্ডার গোলচক্কর এলাকা থেকে গতকাল তিন বাংলাদেশী যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। পশ্চিম থানার ওসি পরিতোষ দাস জানিয়েছেন, ধৃতদের বিরুদ্ধে বে আইনি অনুপ্রবেশ ছাড়াও

পাচাৰে যুক্ত থাকার অভিযোগ নেওয়া হয়েছে। অভিযুক্তরা হল
রিপন ঘোষ, নেপাল ঘোষ এবং সাগর সরকার।

DYFI Submit 10 demands to SDMO Belonia:

ডিওয়াইএফআই বিলোনিয়া মহকুমা কমিটি বিলোনীয়া হাসপাতালে
বিশেষজ্ঞ ডাক্তার ও পর্যাপ্ত পরিমাণে নার্স নিয়োগ, শিশু
হাসপাতাল দ্রুত চালু করা, আয়ুস্মান কার্ডের সুযোগ ও ঔষধ
সহজে পাওয়ার ব্যবস্থা, বিলোনিয়া ব্লাড ব্যাঙ্কে রক্তের
সেপারেশান মেশিন চালু করা প্রভৃতি ১০ দফা দাবিতে গতকাল
বিলোনিয়ার মহকুমা স্বাস্থ্য আধিকারিকের কাছে ডেপুটেশন দেয়।
প্রতিনিধি দলে ছিলেন মহকুমা সম্পাদক মধুসুধন দত্ত, সভাপতি
সুব্রত দাস প্রমুখ।

Congress Press Meet :

প্রদেশ কংগ্রেস নেতৃবৃন্দ গতকাল আগরতলায় এক সাংবাদিক
সম্মেলনে অভিযোগ করেন, রাজ্যের বিদ্যাজ্যোতি প্রকল্পে যে
সমস্ত স্কুল চলছে সেই সব স্কুলে সিবিএসই দ্বাদশ ও মাধ্যমিক
পরীক্ষার ফলাফল হতাশাজনক। তা থেকে বোঝা যায়, রাজ্যের
শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। রাজ্যের শিক্ষার মানোন্নয়নে
অবিলম্বে কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য নেতৃবৃন্দ রাজ্য
সরকারের কাছে দাবি জানিয়েছে। সাংবাদিক সম্মেলনে বক্তব্য
রাখেন প্রদেশ মহিলা কংগ্রেস সাধারণ সম্পাদিকা শ্রেয়সী লস্কর ও
কংগ্রেস নেতা পার্থ আচার্য।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তারিত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় গরম এবং বাতাসে আর্দ্রতার প্রভাব অব্যাহত থাকবে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৭ ডিগ্রী ও সর্বনিম্ন ২৭ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা। উত্তর, উনকোটি এবং ধলাই জেলার কিছু কিছু জায়গায় গরম এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকবে বলে আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে সতর্কতা জারি করা হয়েছে।
